

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৭৩

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬৭. অযুর মধ্যে কোন অঙ্গের কোন অংশ শুকনা থাকলে

باب تَفْرِيقِ الْوُضُوءِ

আরবী

حَدَّ ثَنَا هَارُونُ بْنُ مَعْرُوف، حَدَّ ثَنَا ابْنُ وَهْب، عَنْ جَرِيرِ بْنِ حَازِم، أَنَّهُ سَمِعَ قَتَادَةَ بْنَ دِعَامَة، حَدَّ ثَنَا أَنسُ بْنُ مَالِك، أَنَّ رَجُلاً، جَاءَ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم وَقَدْ تَوَضَاً وَتَرَكَ عَلَى قَدَمَيْهِ مِثْلَ مَوْضِعِ الظُّفْرِ فَقَالَ لَهُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " ارْجِعْ فَأَحْسِنْ وُضُوءَكَ " .

_ صحيح

قَالَ أَبُو دَاوُدَ وَهَذَا الْحَدِيثُ لَيْسَ بِمَعْرُوفَ عَنْ جَرِيرِ بْنِ حَازِمٍ وَلَمْ يَرْوِهِ إِلَّا ابْنُ وَهْبٍ وَحْدَهُ وَقَدْ رُوِيَ عَنْ مَعْقِلِ بْنِ عُبَيْدِ اللهِ الْجَزَرِيِّ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ جَابِرٍ عَنْ عُمَرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ قَالَ " ارْجِعْ فَأَحْسِنْ وُضُوءَكَ " .

বাংলা

১৭৩। আনাস ইবনু মালিক (রাঃ) বর্ণনা করেন, এক ব্যক্তি অযু করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত হল। কিন্তু (অযুতে) তার পায়ে নখ পরিমাণ জায়গা শুকনা ছিল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, 'ফিরে যাও এবং উত্তমরূপে আবার অযু করে এসো।[1]

সহীহ।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেছেন, এ হাদীসটি প্রসিদ্ধ নয়। এটি কেবল ইবনু ওয়াহাব বর্ণনা করেছেন। আর মা'কিল ইবনু 'উবাইদুল্লাহ আল-জাযারী বর্ণনা করেছেন আবূ যুবাইর হতে, তিনি জাবির (রাঃ) হতে, তিনি 'উমার (রাঃ) হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে অনুরূপ হাদীস বর্ণনা করেছেন। তাতে রয়েছে- তিনি



বলেছেন, 'ফিরে যাও এবং উত্তমরূপে অযু করে এসো।'

English

Anas reported:

A person came to the Messenger of Allah (ﷺ). He performed ablution and left a small part equal to the space of a nail upon his foot. The Messenger of Allah (ﷺ) said to him: Go back and perform ablution well.

Abu Dawud said: This tradition is not known through Jarir b. Hazim. It was transmitted only by Ibn Wahab.

Another version adds the wording: "Go back and perform the ablution well."

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ উযুর সব অঙ্গ-প্রত্যঙ্গ পূর্ণরূপে ধোয়া ওয়াজিব), আহমাদ (১/২১) ইবনু লাহী'আহ সূত্রে আবুয যুবায়র থেকে। ইবনু লাহী'আহ একজন মুদাল্লিস এবং তিনি এটি আন্ আন্ শব্দে বর্ণনা করেছেন। কিন্তু তার অনুসরণ (তাবে') করেছেন মাকাল, আবুয যুবায়র থেকে, যা সহীহ মুসলিমে রয়েছে। তার হাদীস শ্রবণের বিষয়টি অন্যত্র স্পষ্ট হয়েছে আহমাদের নিকট (১/২৩, হাঃ ১৫৩): তিনি বলেন, আমাদের নিকট হাদীস বর্ণনা করেছেন হুসাইন, তিনি বলেন, আমাদের নিকট হাদীস বর্ণনা করেছেন ইবনু লাহী'আহ, তিনি বলেন আমাদের নিকট হাদীস বর্ণনা করেছেন আবুয যুবায়র, জাবির সূত্রে। অর্থাৎ (حدثنا) শব্দ যোগে বর্ণিত হয়েছে। এর দ্বারাই তাদলীসের সংশয় দূরীভূত হয়ে গেছে। সুতরাং হাদীসটি প্রমাণযোগ্য সহীহ।

হাদীস থেকে শিক্ষাঃ

- ১। উযুর অঙ্গগুলি পূর্ণরূপে ধৌত করা ওয়াজিব। উযূতে যেসব অঙ্গ ধৌত করা ওয়াজিব সেসবের কোনটি ধৌত করা কেউ ছেড়ে দিলে, চাই তা অজ্ঞতা বা ভুল বশতঃ হোক না কেন তার পবিত্রতা অর্জন শুদ্ধ হবে না। এ ব্যাপারে সকলে একমত।
- ২। হাদীসটি আরো প্রমাণ করে, অজ্ঞ লোককে বন্ধত্ব সূলভ আচরণের সাথে তা'লীম দিতে হবে।
- ৩। জ্ঞানী ব্যক্তি কোনো ভুল ও অন্যায় দেখলে তাতে নীরব থাকবেন না বরং তা সংশোধন ও দূর করবেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন